



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.২০৬.২৭.০০১.২০.৩৯৩০


তারিখ: ২৫/১০/২০২০ খ্রি.

### বিজ্ঞপ্তি

বিষয় : কোভিড-১৯ কালীন শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যক্ষ শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৯ম) শ্রেণির শিক্ষার্থীদের শিখনফল মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা।

কোভিড-১৯ সংক্রমণ রোধে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রত্যক্ষ শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। তবে কোভিড-১৯ সংক্রমণ রোধে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত “আমার ঘরে আমার স্কুল” প্রোগ্রামের মাধ্যমে পাঠদান এবং স্কুল পর্যায়ে প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন শ্রেণি পাঠদান ও অন্যান্য কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও শিক্ষকবৃন্দ মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান অব্যাহত রেখেছেন। এরকম নানাবিধ কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা কতটুকু শিখনফল অর্জন করলো তা মূল্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এই মূল্যায়ন যেন তাদের ওপর কোন মানসিক বা শারীরিক চাপ সৃষ্টি না করে, তাছাড়া শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীরা নিজেরাও যেন তাদের পাঠ অগ্রগতি বা দুর্বলতা সম্পর্কে ধারণা লাভ করতে পারে সেজন্য সার্বিক দিকগুলি বিবেচনা করে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো-

১. এনসিটিবি কর্তৃক নির্ধারিত মাধ্যমিক পর্যায়ে জন্য ৩০ (ত্রিশ) কর্মদিবসের সিলেবাস অনুসরণ করতে হবে (যা [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে);
২. এনসিটিবি সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞগণের সহায়তায় নির্ধারিত সিলেবাস থেকে অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) এর জন্য বিষয়বস্তু নির্ধারণ করেছে। বিষয়বস্তু অনুযায়ী প্রণীত অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নিকট প্রতি সপ্তাহে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের মাধ্যমে প্রেরণ করা হবে;
৩. অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রদান/গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান শ্রেণিভিত্তিক সময়সূচি নির্ধারণ এবং আলাদাভাবে প্রদান/গ্রহণের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে অনলাইনের সাহায্যে / সামাজিক দূরত্ব বাজায় রেখে প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক নিজস্ব ব্যবস্থাপনায় অ্যাসাইনমেন্ট প্রেরণ ও গ্রহণ করবেন;
৪. শিক্ষা প্রতিষ্ঠান অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) ব্যতীত মূল্যায়ন সংক্রান্ত অন্য কোনো কার্যক্রম (যেমন- পরীক্ষা গ্রহণ, বাড়ীর কাজ দেওয়া ইত্যাদি) গ্রহণ করতে পারবেন না ;
৫. অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) মূল্যায়নের মাধ্যমে শিক্ষকবৃন্দ শিক্ষার্থীদের দুর্বল দিকগুলো চিহ্নিত করবেন এবং পরবর্তী শিক্ষাবর্ষে সেগুলোর ওপর বিশেষ নজর দিয়ে কাঙ্ক্ষিত শিখন ফল অর্জনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের মূল্যায়নসহ অ্যাসাইনমেন্টগুলো (নির্ধারিত কাজ) সংরক্ষণের ব্যবস্থা করবেন;
৬. কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্থানান্তরিত শিক্ষার্থীরা নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) সংগ্রহ/জমা প্রদান করতে পারবেন। এক্ষেত্রে অভিভাবক/শিক্ষার্থী তার নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
৭. এই কার্যক্রম ০১.১১.২০২০ খ্রি. থেকে শুরু হবে ;
৮. এ নির্দেশনা বাস্তবায়নে সকল আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার সমন্বয় করবেন।

  
২৫.১০.২০২০  
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

